গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস,৭ম,১০ম তলা,নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৮৫

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

বিষয়: **সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন বুরাইয়া কামিল মাদ্রাসার এমপিও শিটে মাদ্রাসাটির ৪র্থ শ্রেণির কর্মচারী জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) এর নামের বানান (Md. Doyab Ali এর স্থলে Md. Soyab Ali) সংশোধন প্রসঙ্গে।**

সূত্র: (১) বুরাইয়া কামিল মাদ্রাসার স্মারক নং-বুকামা/১৩২-১/২১, তারিখ:১৭/০১/২০২১ খ্রি:, মাশিঅ ডকেট-১২৮১,তা:২৪/০১/২০২১ খ্রি:।
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,ছাতক, সুনামগঞ্জ এর অগ্রায়ন, তারিখ: ২৮/০৮/২০২১ খ্রি:।
(৩) উপজেলা নির্বাহী অফিস, ছাতক, সুনামগঞ্জ এর স্মারক নং-০৫.৪৬.৯০২৩.০০০.২৪.০০২.২০-৯৬২, তারিখ:২৫/১০/২০২১ খ্রি:।
(৪) তদন্ত কর্মকর্তাদের প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৩.০০১.১৭-৩২৭ তারিখ: ১৮/১১/২০২১
(৫) জনাব মো: আফাজ উদ্দীনের তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.২৩০.২১-৭০, তারিখ:২৭/০১/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বুরাইয়া কামিল মাদ্রাসার এমপিও শিটে মাদ্রাসাটির ৪র্থ শ্রেণির কর্মচারী জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) এর নামের বানান **(Md.Doyab Ali এর স্থ Md. Soyab Ali)** সংশোধনের নিমিত্ত প্রতিকার প্রার্থীর আবেদন বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাতক, সুনামগঞ্জ কর্তৃক সুত্রোস্থ ১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়ন পত্র এবং সংযুক্ত ডকুমেন্টস পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) বর্ণিত মাদ্রাসায় ০১/০৮/১৯৯২ খ্রিঃ তারিখে প্রহরী পদে যোগদান করেন এবং মে/১৯৯৯ খ্রি: মাসে এমপিওভূক্ত হন। প্রথম থেকেই তাঁর এমপিও শিটে নামের বানান **Md.Doyab Ali (নামের দ্বিতীয়াশে ১ম বর্ণ S এর স্থলে D)** মুদ্রিত হয়ে আসছে। বিধায়, তিনি নামের বানান সংশোধনের নিমিত্ত এ অধিদপ্তরে আবেদন করেন।

৩। জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) এর নামের বানান সংশোধন বিষয়ে " জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) এর এমপিও-তে তাঁর নামের আক্ষরিক ভুল থাকার কারণে তাঁর NID অনুযায়ী নামের সংশোধন করা অতীব জরুরী" মর্মে **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাতক, সুনামগঞ্জ** কর্তৃক সুত্রোস্থ ০২ নং স্মারকে উল্লেখ করা হয়।

৪। পরবর্তীতে আনুষাঙ্গিক ডকুমেন্ট যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানেরজন্য **জনাব মোছাম্মৎ ফেরদৌসী আলম,** পরিদর্শক (সিলেট বিভাগ) ও **জনাব নাজনিন সুলতানা,** সহকারী পরিচালক(অডিট ও আইন),মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হলে তাঁরা নিম্নোক্ত মতামত প্রদান করেন:-

**"সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন বুরাইয়া কামিল মাদ্রাসার প্রহরী জনাব মো: ছোয়াব আলী/ Md. Soyab Ali (ইনডেক্স নং-S703370) এর অষ্টম শ্রেণি উত্তীর্ণ প্রত্যয়ন পত্র, জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, দোলার বাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ছাতক, সুনামগঞ্জ এর প্রত্যয়ন, ভোটার তালিকা, ব্যাংক প্রত্যায়ন ও ব্যাংক স্টেটমেন্ট, নিয়োগ, যোগদানপত্র, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,ছাতক, সুনামগঞ্জ এর প্রত্যয়ন ইত্যাদি বিবেচনায় mpo কপিতে বিদ্যমান নামের আংশিক ভুল**

**বানান সংশোধনপূর্বক Md. Soyab Ali/** মো: ছোয়াব আলী হিসেবে সংযোজন করার জন্য সুপারিশ করা হলো।”

৫। Md. Soyab Ali ও Md. Doyab Ali **এক ও অভিন্ন ব্যক্তি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ** কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত সূত্রোস্থ ০৩ নং স্মারকে উল্লেখ করা হয়েছে। **উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ কর্তৃক** তদন্ত প্রতিবেদনে এমপিও সিটে Md.Doyab Ali **এর স্থলে** Md. Soyab Ali **সংশোধনের নিমিত্ত সুপারিশ করা হয়েছে।**

৬। **জনাব মো: আফাজ উদ্দীন,সহকারী পরিচালক** (সর: ও সিনি: মাদাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত সূত্রোস্থ ৫ নং স্মারকে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়েছে-

**“নিয়োগপত্র, যোগদানপত্র,পারপুর জালালিয়া আলিম মাদ্রাসার (৮ম শ্রেণির সনদ অর্জনের প্রতিষ্ঠান) তদানীন্তন অধ্যক্ষ ও বর্তমান অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, দোলার বাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ছাতক, সুনামগঞ্জ এর প্রত্যয়ন, ভোটার তালিকা, ব্যাংক প্রত্যায়ন ও ব্যাংক স্টেটমেন্ট ও বেতন বিলের কপিতে নামের বানান মো: ছোয়াব আলী/Md. Soyab Ali উল্লেখ আছে। বিধায়,, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন বুরাইয়া কামিল মাদ্রাসার ৪র্থ শ্রেণির কর্মচারী জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) এর নামের বানান Md. Soyab Ali হিসেবে এমপিও সিটে সংশোধনের জন্য সুপারিশ করা হলো।**

৭। বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের যাচাই/তদন্তকারী কর্মকর্তাদের মতামত/সুপারিশ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) এর নামের বানান এর তথ্য নিম্নরূপঃ

| ক্র নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | নিরাপত্ত প্রহরী পদে এমপিওভুক্তির তারিখ | এমপিও সিটে বিদ্যমান নামের বানান | চাহিত নামের বানান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) নিরাপত্ত প্রহরী, বুরাইয়া কামিল মাদ্রাসা, ছাতক, সুনামগঞ্জ। | মে/১৯৯৯ খ্রি: | **Md.Doyab Ali** | **Md. Soyab Ali** | এমপিও সিটে প্রতিকার প্রার্থীর নামের বানান **Md. Soyab Ali** সংশোধন যোগ্য । |

৮। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন বুরাইয়া কামিল মাদ্রাসার এমপিও শিটে মাদ্রাসাটির নিরাপত্ত প্রহরী জনাব মো: ছোয়াব আলী (ইনডেক্স নং-S703370) **এর নামের বানান এমপিও সিটে Md. Soyab Ali উল্লেখপূর্বক সংশোধনের** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক (মাদ্রাসা শিক্ষা ববস্থাপনা ও ইনেফরমেশন সিস্টেম (মেমিস), মাদ্রাষা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (compliance report) দাখিল করা জন্য অনুরোধ করা হলো।

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী (ইনডেক্স নং-R০৯৭৩০৫) **কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।**

সংযুক্তি: এগার (১১) ফর্দ।

৩-৩-২০২২
কে. এম. রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ফ্যাক্স: ৪১০৩০১২৫
ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা
শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমশন সিস্টেম (মেমিস),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৮৫/১(৬)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮
০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২) উপ-পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনরোধসহ)।
৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সুনামগঞ্জ।
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
৫) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী, বুরাইয়া কামিল মাদ্রাসা, ছাতক, সুনামগঞ্জ।
৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

৩-৩-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক